

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,  
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬১/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১৫ নভেম্বর, বুধবার ২০২৩, ৩০ কার্তিক ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। প্রধানমন্ত্রীর উদ্বোধনে ময়মনসিংহ পেলো ১২২টি অবকাঠামো
- ০২। মুক্তাগাছায় ৫০টি উন্নয়ন কাজের ফলক স্থাপন করেছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী
- ০৩। টেলিভিশন সাংবাদিকদের সাথে আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ এর মতবিনিময়
- ০৪। ময়মনসিংহে বেলুনের গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে শিশুসহ আহত ১১

**০১। প্রধানমন্ত্রীর উদ্বোধনে ময়মনসিংহ পেলো ১২২টি অবকাঠামো**

উন্নয়নের ধারাবাহিকতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা খাদ্য মন্ত্রণালয়ের আওতায় ময়মনসিংহে নবনির্মিত ৪৮ হাজার মেট্রিকটন ধারণ ক্ষমতাসম্পন্ন স্টিল রাইস সাইলোসহ ময়মনসিংহের মোট ১২২টি অবকাঠামো উদ্বোধন করেছেন। বাস্তবায়নে ময়মনসিংহ এলজিইডি ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় ১০৯টি এবং গণপূর্ত, স্বাস্থ্য, খাদ্য, সমাজসেবা অধিদপ্তরের ১৩টি অবকাঠামো। মঙ্গলবার (১৪ নভেম্বর) সকালে গণভবন থেকে দেশের ৬৪টি জেলা প্রশাসকের কার্যালয়সহ ১০১টি প্রান্তে যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্থানীয়ভাবে ময়মনসিংহ স্টিল রাইস সাইলো যুক্ত হয়। এ উপলক্ষ্যে ময়মনসিংহ নগরীর সিএসডি ক্যাম্পাস প্রাঙ্গণে অনুষ্ঠান আয়োজন করা হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

**০২। মুক্তাগাছায় ৫০টি উন্নয়ন কাজের ফলক স্থাপন করেছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫০টি উন্নয়ন কাজের ফলক স্থাপন করেছেন। মুক্তাগাছা উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার (১৪ নভেম্বর) উপজেলা প্রশাসকের কার্যালয় চত্বরে ফলক স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব উন্নয়ন কাজের ফলক স্থাপন করেন তিনি। সরকারের বিভিন্ন প্রকল্পের আওতায় প্রায় ৭৫ কোটি টাকা ব্যয়ে এ উন্নয়ন কাজগুলো বাস্তবায়িত হচ্ছে। মুক্তাগাছা উপজেলার বিভিন্ন ইউনিয়নের প্রায় ৩৫ কিলোমিটার রাস্তা ও অন্যান্য উন্নয়ন কার্যক্রম এর অন্তর্ভুক্ত রয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, আজকের বাংলাদেশ।

**০৩। টেলিভিশন সাংবাদিকদের সাথে আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ এর মতবিনিময়**

আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ কর্তৃক আয়োজিত অফিসের সম্মেলন কক্ষে ময়মনসিংহ বিভাগীয় ও জেলা টেলিভিশন গণমাধ্যম ব্যক্তিদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৪ নভেম্বর) বিকাল ৩ টায় ময়মনসিংহ আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোঃ ওমর ফারুক দেওয়ানের সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে এ অবহিতকরণ সভা আয়োজিত হয়। সভায় ময়মনসিংহের বিভিন্ন চ্যানেলের টিভি সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

**০৪। ময়মনসিংহে বেলুনের গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে শিশুসহ আহত ১১**

ময়মনসিংহে বেলুনের গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে শিশুসহ ১১ জন আহত হয়েছে। এর মধ্যে ৬ জনই শিশু এবং ০২ জন নারী ও ০৩ জন পুরুষ রয়েছে। মঙ্গলবার (১৪ নভেম্বর) দুপুর ২ টার দিকে নগরীর চরকালিবাড়ি ব্রিজ সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা আহতদের উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে। এদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বজন ও আজকের বাংলাদেশ।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** বর্জ্য ব্যবস্থাপনায় চলছে অনিয়মে। বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা না থাকার কারণে যত দিন যাচ্ছে তত বেশি সমস্যা জটিল হচ্ছে। বর্তমান সরকারের আমলে সিটি কর্পোরেশনের বাজেট বহুগুণ বেড়েছে, কিন্তু মানসম্মত নিরাপদ বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলা যায়নি। দেশে বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে রাজধানী ঢাকার অবস্থা সবচেয়ে বেশি নাজুক। টেকসই উন্নয়নের লক্ষ্যে আমাদের বর্জ্য ব্যবস্থাপনায় পরিবর্তন আনতেই হবে।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** ফরেন এক্সচেঞ্জ ডিলারস এসোসিয়েশন (বাহেদা) ও এসোসিয়েশন অফ ব্যাংকার্স বাংলাদেশের (এবিবি) পক্ষ থেকে বিভিন্ন যৌথ সিদ্ধান্ত নেয়া হলেও ডলারের একক দর মানতে দেখা যাচ্ছে না অনেক ব্যাংককে। ফলে স্বভাবতই কঠোর অবস্থানে গেছে কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকাররা বলছেন, বাহেদা ও এবিবির ঘনঘন সিদ্ধান্ত পরিবর্তনের ফলে বাজারে ভুল বার্তা যাচ্ছে। এতে বাজারে অস্থিরতা আরো বাড়ছে। এমন অবস্থায় তারা ডলারের ব্যাপারে একক ও দীর্ঘমেয়াদি সিদ্ধান্তে আসার প্রস্তাব দিয়েছেন। বাজার নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের কঠোর হওয়ার বিকল্প নেই।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। তৈরি পোশাক খাত: শিল্পের সুরক্ষাতেই সবার স্বার্থ রক্ষা- ডঃ ইফতেখার উদ্দিন চৌধুরী (দৈনিক স্বজন)

#

রিদওয়ান/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা